অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/30/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL নিউ ইয়র্ক সিটিতে সাবওয়ের ভাড়া ফাঁকি দেওয়া 26 শতাংশ কমার ঘোষণা করলেন

পুরো ট্রানজিট সিস্টেমে ভাড়া ফাঁকি কমানো চালিয়ে যেতে যেসব কাজ চলছে তা তুলে ধরলেন

কৌশলী মোতায়েন, আরো শক্তিশালী আইন শৃঙ্খলা রক্ষাকারী এবং আরো স্মার্ট টার্নস্টাইল ভাড়া ফাঁকি দেওয়া ব্যক্তিদের জন্য সময় বদলে দিচ্ছে, ট্রানজিটের যাত্রীদের ও ট্যাক্সপেয়ারদের সুরক্ষা দিচ্ছে, এবং ট্রানজিট সিস্টেমকে আরো জোরদার করছে

ভাড়া ফাঁকি দেওয়ার জন্য সমনের সংখ্যা 2019 সালের তুলনায় 2024 সালে 96 শতাংশ বেড়েছে

ব্যাককফিং ঠেকাতে সকল সাবওয়ে টার্নস্টাইলের রিকনফিগারেশনের কাজ এই বছর শেষ হবে এবং ভাড়া ফাঁকির বাড়তি ব্যবস্থা ইনস্টল করা হবে

এই বছর আরো 20টি স্টেশনে নতুন আধুনিক ভাড়ার গেট ইনস্টল করা হবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে পুরো মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটিতে (Metropolitan Transportation Authority, MTA) ভাড়া ফাঁকি দেওয়ার মোকাবেলা করার বহুমুখী চেষ্টায় উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। গত ছয় মাসে, 2024 সালের জুন মাস থেকে 2024 সালের ডিসেম্বর মাস পর্যন্ত, সাবওয়েতে ভাড়া ফাঁকি দেওয়া 26 শতাংশ কমেছে। স্থানীয় এবং এক্সপ্রেস বাস নেটওয়ার্ক উভয়সহ, বাসগুলিতে এই একই সময়ের মধ্যে ভাড়া ফাঁকি দেওয়া 9.1 শতাংশ কমেছে। এই অগ্রগতি হয়েছে গভর্নর Hochul (হোকল), MTA, এবং নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্টের (New York Police Department, NYPD) বাস্তবায়ন করা একটি সার্বিক কৌশলী সাড়াদানের পর, যার মধ্যে আছে আইন শৃঙ্খলা রক্ষাকারীদের কৌশলী মোতায়েন, অনেক ট্রানজিট স্টেশনে ভাড়ার গেটের উন্নয়ন, এবং ভাড়া ফাঁকি কমাতে সাহায্য করার জন্য অন্যান্য ব্যবস্থা। এছাড়াও গভর্নর ভাড়া ফকির বিরুদ্ধে আরো অভিযানের চলমান চেষ্টাগুলোকে তুলে ধরেছেন, যার মধ্যে আছে এই বছর সকল সাবওয়ে টার্নস্টাইলে ভারী ফাঁকি দেওয়ার বিরুদ্ধে ব্যবস্থা ইনস্টল করা এবং এই বছর 20টি বেশি ট্র্যাফিকের স্টেশনে নতুন ভাড়ার গেট ইনস্টল করা।

"আমরা ভাড়া ফাঁকি দেওয়া ব্যক্তিদের জন্য সময় বদলে দিচ্ছি, ট্রানজিটের যাত্রীদের ও ট্যাক্সপেয়ারদের সুরক্ষা দিতে সাহায্য করছি, এবং ট্রানজিট সিস্টেমকে আরো জোরদার করছি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমাদের কাজ শেষ হতে অনেক বাকি, এবং এই বছর জোরদার আইন শৃঙ্খলা রক্ষা এবং পুরো সিস্টেমটির সাবওয়ে টার্নস্টাইল ও ভাড়ার গেটের জন্য আসতে থাকা নতুন ব্যবস্থার মাধ্যমে আমরা ভাড়া ফাঁকি দেওয়ার বিরুদ্ধে অভিযান চালিয়ে যাবো।"

MTA-এর চেয়ার এবং CEO Janno Lieber (জ্যানো লিবার) বলেন, "আমাদের কৌশল হলো সমস্যা কতটা মারাত্মক তা জনগণকে জানানো, আরো শক্তিশালী বাস্তব বাঁধা স্থাপন করা, এবং নিশ্চিত করা যে অনেক আইন শৃঙ্খলা রক্ষাকারী সেখানে থাকবে। গভর্নর Hochul (হোকল) এবং NYPD থেকে আমরা যে সমর্থন পাচ্ছি সেটিকে আমরা স্বাগত জানাচ্ছি, এবং এছাড়াও রেলরোডে MTAPD যে কাজ করছে তার ফলাফল পাওয়া যাচ্ছে।"

নিউ ইয়র্ক সিটি ট্রানজিটের (NYC Transit) প্রেসিডেন্ট Demetrius Crichlow (ডেমেট্রিয়াস ক্রিশলো) বলেন, "ভাড়া ফাঁকি দেওয়া হলে তা সেই পুরো সিস্টেমকে খাটো করে যা নিউ ইয়র্ক সিটিকে সচল রাখে এবং আমাদের কমিউনিটিগুলির জন্য অতি গুরুত্বপূর্ণ পরিবহন দিয়ে থাকে। আমাদের দল বাস্তব অগ্রগতি করেছে, অনেক বছরের মধ্যে প্রথমবারের মতো ভাড়া ফাঁকি দেওয়া কমিয়েছে। আমরা সকল ব্যবস্থা এবং উপায় নিয়ে কাজ করবো যাতে ভাড়া দেওয়া মেনে চলা এবং সকলের জন্য সমতার একটি সিস্টেম ধরে রাখা নিশ্চিত করা যায়।"

NYPD-এর কমিশনার Jessica S. Tisch (জেসিকা এস টিশ) বলেন, "ভাড়া ফাঁকি উল্লেখযোগ্যভাবে কমে যাওয়া হলো সকল নিউ ইয়র্কবাসীর জন্য ট্রানজিট সিস্টেমকে আরো নিরাপদ করতে আমাদের চেষ্টার জন্য একটি অতি গুরুত্বপূর্ণ প্রথম ধাপ। সহিংসতা বা গোলমালের ভয় ছাড়াই সকলের সাবওয়েতে চড়তে পারা উচিত, এবং প্রতিটি স্টেশনে এবং ওভারনাইট ট্রেনে NYPD টহল দিয়ে যাচ্ছে যাতে নিশ্চিত করা যায় যে আমাদের ট্রানজিট সিস্টেমে অপরাধ কমতে থাকবে। আমাদের সিটিকে নিরাপদ রাখার জন্য গভর্নর Hochul (হোকল) এবং MTA-এর পার্টনারশিপের জন্য আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

MTA-এর ব্লু-রীবন প্যানেলের রিপোর্ট (Blue-Ribbon Panel) অনুযায়ী, ভাড়া ফাঁকি দেওয়ার পরিস্থিতিটি সঙ্কটের পর্যায়ে পৌঁছে গেছে, এবং 2022 সাল থেকে MTA দেওয়া হয়নি এমন ভাড়া এবং টোল মিলিয়ে আনুমানিক মোট 690 মিলিয়ন মার্কিন ডলার হারিয়েছে।

ভাড়া ফাঁকি দেওয়া কম করার জন্য একটি সার্বিক কৌশল অগ্রসর করার জন্য গভর্নর Hochul (হোকল) এবং MTA রিপোর্ট থেকে সুপারিশ ব্যবহার করেছে, যার মধ্যে আইন শৃঙ্খলা রক্ষাকারীদের কৌশলী মোতায়েন এবং টার্নস্টাইল এবং ভাড়ার গেটের চলমান আধুনিকায়নের কাজ, ইত্যাদি ব্যবস্থা আছে । এছাড়াও মাঠপর্যায়ের রিসোর্স বাড়াতে এবং ভাড়া ফাঁকি দেওয়ার জন্য সমনের সংখ্যা বাড়ানোর জন্য NYPD-এর সাথে কোঅর্ডিনেশন জোরদার করাও এই চেষ্টার মধ্যে আছে।

ফলাফলগুলি স্পষ্ট অগ্রগতি দেখিয়েছে। 2024 সালের জুন মাস থেকে 2024 সালের ডিসেম্বর মাস পর্যন্ত সাবওয়ের ভাড়া ফাঁকি দেওয়া 26 শতাংশ কমেছে, 14 শতাংশ সাবওয়ে যাত্রীর ভাড়া

ফাঁকি দেওয়া কমে 10 শতাংশ হয়েছে। স্থানীয় এবং এক্সপ্রেস বাস নেটওয়ার্ক উভয়সহ, বাসগুলিতে এই একই সময়ের মধ্যে ভাড়া ফাঁকি দেওয়া 9.1 শতাংশ কমেছে, গত গ্রীষ্মকালে 50 শতাংশ যাত্রীর ভাড়া ফাঁকি দেওয়া থেকে কমে তা 45 শতাংশ হয়েছে, যা ভাড়া ফকির মোকাবেলা করার ক্ষেত্রে অতি গুরুত্বপূর্ণ বদল এনেছে।

আইন শৃঙ্খলা রক্ষাকারীদের কৌশলী মোতায়েন

NYPD-এর সহযোগিতা

2024 সালে সাবওয়ে ভাড়া ফকির জন্য NYPD 143,100টি TAB সমন জারি করেছে, যা 2019 সালের তুলনায় 96 শতাংশ বেশি। এছাড়া NYPD একটি নতুন ইউনিফর্ম পরা বাস এনফোর্সমেন্ট ইউনিট (Bus Enforcement Unit) তৈরি করেছে যাকে পাঁচটি বরোর প্রতিটিতে ভাড়া দেওয়ার আইনের সমর্থনে MTA-এর "EAGLE টীমের" সাথে মোতায়েন করা হয়েছে।

বাসের ভাড়ার আইন রক্ষা করা: MTA EAGLE টীম

ব্লু-রীবন প্যানেলের রিপোর্টের সুপারিশ মেনে MTA-এর সিভিলিয়ান বাস ভাড়া ইন্সপেকশন টীম অর্থাৎ MTA EAGLE টীম যাতে সেরাভাবে মোতায়েন করার জন্য একটি ডেটাকেন্দ্রিক ব্যবস্থা নিয়েছে, যা হলো সবথেকে বেশি ভাড়া ফাঁকি দেওয়া হয় এমন ব্যস্ত স্টপ এবং দিনের সময়ে মোতায়েন করা। EAGLE টীমকে স্থানীয় ও SBS বাস রুটে ভাড়া ইন্সপেক্ট করার কাজ দেওয়া হয়েছে, এবং NYPD-এর সমর্থন নিয়ে এই অফিসাররা কমিউনিটির সদস্যদের ভাড়া দেওয়ার বিকল্প সুযোগগুলি এবং সমন জারি করার সম্পর্কে শেখাবে। MTA EAGLE টীমের মোতায়েন করার জন্য এগিয়ে এসেছে, যা 2024 সালের সেপ্টেম্বর থেকে 370টির বেশি স্টপে 148,000টি বসে ভাড়া দেওয়ার আইন রক্ষা করেছে। এছাড়াও 2025 সালে বাসে সেন্সর এবং স্ক্রিন বাস্তবায়ন করবে যা ভাড়া ফাঁকি দেওয়াকে আরো ট্র্যাক করবে ও ঠেকাবে।

সাবওয়েতে ভাড়ার আইন রক্ষা করা - গেট গার্ড

208টির বেশি সাবওয়ে স্টেশনে MTA অস্ত্র ছাড়া গার্ডকে মোতায়েন করেছে, যা আগের 50টি স্টেশন তেকে বেশি, এখানে স্টেশনের বৈশিষ্ট্য, যাত্রীর প্যাটার্ন, ইত্যাদির ভিত্তিতে মোতায়েন সেরা করার একটি ডেটাকেন্দ্রিক পন্থা নেওয়া হয়েছে। গেট গার্ড ভাড়া ফাঁকি দেওয়া ঠেকায়।

পরিবেশ: ভাড়া নিয়ন্ত্রণের পরিবেশ উন্নত করা

2024 সাল থেকে একাধিক সফল পাইলটকে বড় করে MTA পুরো সাবওয়ে সিস্টেমে আরো ভাড়ার গেটের জন্য ডেটা অনুযায়ী সংশোধন করছে এবং আশা করছে যে একাধিক চেষ্টাকে একত্রিত করার মাধ্যমে তারা আরো বড় প্রভাব দেখতে পারবে।

টার্ন্সটাইলের উন্নয়ন

ভাড়া ফাঁকি দেওয়ার বিরুদ্ধে আরো শক্তিশালী, আরো দৃঢ় বাঁধা তৈরির জন্য টার্ন্সটাইলে ভাড়া ফাঁকি দেওয়ার কৌশলের মোকাবেলা করতে MTA পদক্ষেপ নিয়েছে। এর মধ্যে রয়েছে সব টার্ন্সটাইলের মধ্যে 75 শতাংশে ব্যাককিং ঠেকাতে টার্ন্সটাইলের রিকনফিগারেশন এবং 20টি ভাড়া নিয়ন্ত্রিত স্থানে টার্ন্সটাইল বসানো, যা টার্ন্সটাইলে লাফিয়ে উঠা অনেক ব্যক্তিকে নিরুৎসাহিত করেছে এবং কমিয়েছে।

আগামী মাসগুলিতে MTA এই উদ্যোগের স্কেল বাড়াবে এবং জরিমানার একটি আরো নতুন জেনারেশন বাস্তবায়ন করবে, আরো লাফ দেওয়া ঠেকানোর হস্তক্ষেপ নিয়ে পাইলট করবে, এবং পুরো স্টেটের বাকি টার্ন্সটাইলগুলিতে অ্যান্টি ব্যাককিকিং সংশোধন করবে।

ভাড়া ফকির "সুপারহাইওয়ে" বন্ধ করা
জরুরি এক্সিট গেট 15 সেকেন্ড দেরি করে খোলা হলে তা খরচ সাশ্রয় করে বলে পাইলটে দেখা গেছে, যা ভাড়া ফাঁকি দেওয়া প্রায় 40 শতাংশ কমিয়ে দেয়। MTA এই সফল পাইলটকে অগ্রসর করবে এবং 2025 সালে কমপক্ষে 150টি স্টেশনের এক্সিট গেটে এই দেরি কার্যকর করবে, যা 34 St-Penn Station, Canal St, 161 St-Yankee Stadium, এবং Jay St-MetroTech দিয়ে শুরু হবে।

আধুনিক ভাড়ার গেট
Atlantic Av-Barclays Center, 34 St-Penn Station এবং Astoria Blvd-এ নতুন, অ্যাক্সেসিবল বড়-আইলের গেট দিয়ে এখনকার গতানুগতিক জরুরি এক্সিট গেট বদলে দিয়েছে, এবং Sutphin Blvd-Archer Av-তে একটি নতুন ফুল অ্যারে যোগ করেছে, যেখানে 2023 সালের তুলনায় ভাড়া দেওয়া 20 শতাংশ বেড়েছে।

2023 সালের ডিসেম্বর মাসে, নেক্সট জেনারেশনের নিরাপদ, অ্যাক্সেসিবল, এবং আধুনিক ভাড়ার গেটের জন্য যোগ্য হতে MTA একটি তথ্যের জন্য অনুরোধ প্রকাশ করে। গেট বিক্রেতাদের থেকে 12টি সাড়াদান পাওয়ার পর MTA আশাজনক গেট টেকনোলজির ল্যাব টেস্টিং শুরু করেছে। MTA সিস্টেমের মধ্যে টেস্টিং করবে এবং 2025 সালের মধ্যে 20টি স্টেশনে নতুন ভাড়ার গেট বাস্তবায়ন করবে এবং 2026 সালে আরো 20টি গেস্ট বসাবে।

অপেক্ষাকৃত বেশি যাত্রীর ট্র্যাফিক, অ্যাক্সেসিবিলিটি ফিচার এবং বেশি ভাড়া ফাঁকি হয় এমন স্টেশনগুলিকে MTA অগ্রাধিকার দিবে। 42 St-Port Authority, Delancey St-Essex St, এবং Jackson Heights-Roosevelt Av.-থেকে প্রাথমিক ইনস্টলেশন শুরু হওয়ার কথা রয়েছে।

MTA -এর প্রস্তাবিত 2025-2029 ক্যাপিটাল প্ল্যানটি এই বাস্তবায়নকে আরো দ্রুত করবে, যার মধ্যে আছে পুরো সিস্টেমে কমপক্ষে 150টি স্টেশনে আধুনিক ভাড়ার গেট ইনস্টল করার জন্য 1.1 বিলিয়ন মার্কিন ডলার।

ভাড়া ফাঁকি কমাতে বাড়তি কৌশল

2024 সালে MTA ভাড়া দেওয়ার প্রয়োজন আরো জোরদার করতে আচরণগত পরিবর্তনে সেরা প্র্যাকটিস ব্যবহার করা শুরু করে। ট্রানজিট কর্মীদের মানবতাকে তুলে ধরে এমন ক্যাম্পেইনের মাধ্যমে এবং ভাড়া যে প্রয়োজন সে কথা বলা ডিজিটাল সাইনে সামগ্রিক দায়িত্বের একটি চেতনা তৈরি করার মাধ্যমে MTA ভাড়া দেওয়ার ব্যাপারে সামাজিক নিয়ম নতুন করে স্থির করছে।

স্টুডেন্টদের OMNY কার্ড ব্যবহার করতে উৎসাহিত করে NYCPS-এর সাথে MTA-এর কাজ ভাড়া দেওয়ার গুরুত্বকে আরো জোরদার করে। সেপ্টেম্বর মাসে স্টুডেন্ট OMNY কার্ড শুরু

করার পর থেকে রাইড 51 শতাংশ বেড়েছে এবং স্টুডেন্ট কে মধ্যে সাপ্তাহিক কাজকর্ম 18 শতাংশ বেড়েছে। এছাড়া, 2023 সালের তুলনায় এর আগের সেমিস্টারের সময় ট্যাপ্স-পার-অ্যাক্টিভ-কার্ড 27 শতাংশ বেড়েছে। নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলসের সাথে নতুন পার্টনারশিপের কারণে ধারাবাহিক ফ্রড মনিটর করা সম্ভব হচ্ছে যা নিশ্চিত করে যাতে স্টুডেন্টকে দেওয়া স্টুডেন্ট কার্ড সেই স্টুডেন্টই ব্যবহার করে। এছাড়াও MTA 15টি কাস্টোমার সার্ভিস সেন্টার (Customer Service Centers) তৈরি করেছে যা Fair Fares-এ নাম লেখানোর সাথে যুক্ত করা হবে, এটি যোগ্য নিউ ইয়র্কবাসীকে অর্ধেক ভাড়ার MetroCards এবং OMNY অ্যাকাউন্ট দেওয়া, এবং একই সাথে MTA-এর Reduced-Fare প্রোগ্রাম দেয়ার জন্য নিউ ইয়র্ক সিটির একটি প্রোগ্রাম।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন